অতি জরুরী

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা

(নিয়োগ শাখা)

www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-৫১৫-১২০৪ এ, তারিখঃ ১৪/০২/২০১৬ খ্রি.।

**বিষয়ঃ বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বিদেশ গমনের ক্ষেত্রে সুপ্রীম কোর্টের পরামর্শ গ্রহণের বাধ্যবাধকতা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর ১১৬ অনুচ্ছেদ অনুযায়ী বিচার-কর্মবিভাগে নিযুক্ত ব্যক্তিদের এবং বিচারবিভাগীয় দায়িত্বপালনে রত ম্যাজিস্ট্রেটদের নিয়ন্ত্রণ (কর্মস্থল-নির্ধারণ,পদোন্নতিদান ও ছুটি মঞ্জুরীসহ) ও শৃঙ্খলাবিধান মহামান্য রাষ্ট্রপতির উপর ন্যস্ত এবং সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে তা প্রযুক্ত হয়ে আসছে। বিচার বিভাগীয় কর্মকর্তাগণ সংশ্লিষ্ট যাবতীয় বিষয় যেমন-কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা বিধান, বিদেশ গমন ও চাকুরীর অন্যান্য শর্তাবলী ইত্যাদি বিষয় উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে নির্ধারণের বাধ্যবাধকতা রয়েছে।

০২। সংবিধান ও মাজ্‌দার হোসেন মামলার রায়ের নির্দেশনা অনুযায়ী অধস্তন আদালতগুলিকে একটি পৃথক, স্বতন্ত্র ও স্বাধীন সার্ভিস হিসাবে 'বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস' নামে নামকরণ করা হয়েছে এবং উক্ত জুডিসিয়াল সার্ভিসের সদস্যগণের কর্মস্থল নির্ধারণ, চাকুরীর শর্তাবলী ইত্যাদি বিষয়ে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা বিধান ও চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭ প্রণয়ন ও বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। বর্ণিত বিধিমালার বিধি ৩-এ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে বিচার বিভাগীয় কর্মকর্তাগণের কর্মস্থল নির্ধারণের বিধান; বিধি ৭-এ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে বিচার বিভাগীয় কর্মকর্তাগণের প্রেষণ বা অন্যবিধভাবে নিয়োগের বিধান বিবৃত হয়েছে।

০৩। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে বিচার বিভাগীয় কর্মকর্তাগণ-কে সুপ্রীম কোর্ট, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, জাতীয় সংসদ সচিবালয়, নির্বাচন কমিশন সচিবালয় বা অন্য কোনো কর্তৃপক্ষের অফিসে প্রেষণ বা অন্যবিধভাবে নিয়োগ করা হলেও তাঁরা বিচার বিভাগীয় কর্মকর্তাই থাকেন এবং কেবলমাত্র উক্ত নিয়োগকালীন সাময়িকভাবে বিচারিক কার্যক্রম পরিচালনা হতে বিরত থাকেন বিধায় সংবিধানের ১০৯, ১১৬ ও ১১৬ক অনুচ্ছেদে বর্ণিত বিধান সাপেক্ষে তাঁদের উপর অত্র কোর্টের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ-ক্ষমতা পূর্বাপর অব্যাহত থাকে। এরূপে নিয়োগ প্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের চাকুরীর শর্তাবলী, বিদেশ গমন ইত্যাদি সকল বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সুপ্রীম কোর্টের সাথে আবশ্যিকভাবে পরামর্শের বাধ্যবাধকতা থাকায় এর যে কোনোরূপ ব্যত্যয় আইন, বিধি-বিধান ও শৃংখলা পরিপন্থী এবং অসদাচরণ এর সামিল।

০৪। এমতাবস্থায়, বিচার বিভাগীয় কর্মকর্তাগণ সুপ্রীম কোর্ট, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, জাতীয় সংসদ সচিবালয়, নির্বাচন কমিশন সচিবালয় বা অন্য কোনো কর্তৃপক্ষের অফিসে প্রেষণ বা অন্যবিধভাবে নিয়োগপ্রাপ্ত হয়ে দায়িত্ব পালনকালে তাঁদের চাকুরীর শর্তাবলী, বিদেশ গমন ইত্যাদি সকল বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সুপ্রীম কোর্টের সাথে আবশ্যিকভাবে পরামর্শ গ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাঃ/-

(আবু সৈয়দ দিলজার হোসেন)

রেজিস্ট্রার

ফোনঃ ৯৫১৪৬৪৬

E-mail: registrar_hcd@supremecourt.gov.bd

**সচিব**

আইন ও বিচার বিভাগ

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ১২০৪(৪০) এ, তারিখঃ ১৪/০২/২০১৬ খ্রি.।

**কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

১. সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. সচিব, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয় (পিএসসি), আগারগাঁও, ঢাকা।
৯. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
১০. মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ হেড কোয়ার্টাস, ফুলবাড়ীয়া, ঢাকা।
১১. মহা-পরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা।
১২. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
১৩. মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
১৪. মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১৫. সচিব, জাতীয় মানবাধিকার কমিশন, মগবাজার, ঢাকা।
১৬. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
১৭. কনসালট্যান্ট (জেলা জজ) BEZA প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
১৮. সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১৯. সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল, ১/২/৩, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
২০. সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,------ (সকল)।
২১. চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা
২২. চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২৩. সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৪. সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৫. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
২৬. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৮. পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৯. সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩০. আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩১. মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
৩২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩৩. উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৪. আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৫. আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৩৬. রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪ আঃ গণি রোড, ঢাকা।
৩৭. আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৩৮. রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিস্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৩৯. রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
৪০. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে দায়িত্ব পালনে রত বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবহিত করার অনুরোধসহ।

২৪/২/২৩

(মোঃ আজিজুল হক)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ৯৫৬৯৫০৬
E-mail: aziz_dr@supremecourt.gov.bd